গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান রোড, (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫
www.banbeis.gov.bd

**স্মারক নং-৩৭.২০.০০০০.০০১.১১.০২৩.২১ (পার্ট-৪).** ১৬৭

**তারিখ:** **০৬ আশ্বিন ১৪৩০**
**২১ সেপ্টেম্বর ২০২৩**

# নিয়োগ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়াধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ও এর আওতাধীন উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই)-এর জন্য রাজস্বখাতে শূন্য পদে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://banbeis.teletalk.com.bd) ওয়েবসাইট এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্র. | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | নিম্নোক্ত জেলার প্রার্থীগণ আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|
| ১. | স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর<br>বেতনক্রম: ১১৩০০-২৭৩০০/-<br>(গ্রেড- ১২) | ০৭ (সাত) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত বা অর্থনীতি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা থাকতে হবে। | মুন্সিগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, ফেনী, কুড়িগ্রাম, লালমনিরহাট, পঞ্চগড়, বরিশাল, বরগুনা, হবিগঞ্জ<br><br>তবে এতিম এবং প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | পাবলিকেশন সহকারী<br>বেতনক্রম: ১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড- ১৩) | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br><br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা থাকতে হবে। | |
| ৩. | ডকুমেন্টেশন সহকারী<br>বেতনক্রম: ১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড- ১৩) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br><br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা থাকতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>বেতনক্রম: ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড- ১৪) | ০৩ (তিন) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ।<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ।<br>(ঙ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৫. | আর্টিস্ট/ ক্যালিওগ্রাফার<br>বেতনক্রম: ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড- ১৪) | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফাইন আর্টস বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) প্রকাশনা সংক্রান্ত হস্তলিখন, ডিজাইন, আর্ট, ক্যালিগ্রাফি, ইত্যাদি কাজে পারদর্শিতা ও বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৬. | প্রুফ রিডার<br>বেতনক্রম: ১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড- ১৪) | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>(খ) প্রুফ রিডিং কাজে অন্যূন ১(এক) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৭. | ডাটা এন্ট্রি অপারেটর<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড- ১৬) | ০৪ (চার) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৮. | ল্যাব এ্যাসিসটেন্ট<br>বেতনক্রম: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড- ১৬) | ০২ (দুই) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ। | |
| ৯. | রেকর্ড কীপার<br>বেতনক্রম: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড- ১৬) | ০১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা থাকতে হবে। | |
| ১০. | অফিস সহায়ক<br>বেতনক্রম: ৮২৫০-২০০১০/-<br>(গ্রেড- ২০) | ০৩ (তিন) টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | মানিকগঞ্জ, গোপালগঞ্জ, শরীয়তপুর, ময়মনসিংহ, চাঁদপুর, লক্ষীপুর, বগুড়া, রংপুর, পঞ্চগড়, যশোর, কুষ্টিয়া, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | তবে এতিম এবং প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) | | | | |
| ১১. | ল্যাব এ্যাসিসটেন্ট<br>বেতনক্রম: ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড- ১৬)<br>(ইউআইটিআরসিই এর জন্য) | ১৬ (ষোল) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ। | নরসিংদী, গোপালগঞ্জ, লক্ষীপুর, রাজবাড়ী, জামালপুর, নেত্রকোনা, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, জয়পুরহাট, নাটোর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, ঠাকুরগাঁও, খুলনা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, সাতক্ষীরা, কুষ্টিয়া, পিরোজপুর, পটুয়াখালী<br><br>তবে এতিম এবং প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

## **আবেদন করার নিয়মাবলী**

১. **অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময় :**

ক) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ০১ অক্টোবর ২০২৩, সকাল ১০:০০ ঘটিকা।

খ) অনলাইনে আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ : ২০ অক্টোবর ২০২৩, বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

২. **অনলাইনে আবেদনপত্র পূরণের নিয়মাবলী :**

ক) http://banbeis.teletalk.com.bd এই ওয়েবসাইটে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণ করে অন লাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে পারবেন।

খ) অনলাইনে আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) সর্বনিম্ন ৩KB এবং সর্বোচ্চ ৬০KB ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) সর্বনিম্ন ৪KB এবং সর্বোচ্চ ১০০KB স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান** : Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনামতে ছবি (Photo) এবং স্বাক্ষর (Signature) Upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র Submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview কপি দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন কপি প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য জনপ্রতি ক্রমিক ০১ নং এ বর্ণিত পদের ক্ষেত্রে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৩৫/- টাকাসহ **(অফেরৎযোগ্য)** মোট ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা; ক্রমিক ০২ থেকে ০৯ ও ১১ নং এ বর্ণিত পদের ক্ষেত্রে ২০০/- (দুইশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকাসহ **(অফেরৎযোগ্য)** মোট ২২৩/-

(দুইশত তেইশ) টাকা; ক্রমিক ১০ নং এ বর্ণিত পদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ **(অফেরৎযোগ্য)** মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম **SMS:**

**BANBEIS**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **BANBEIS ABCDEF**

Reply: Applicant's Name, TK-335/223/112 will be charged as application fee. Your PIN is 12345678, To pay fee Type **BANBEIS**<space>**Yes**<space>**PIN** and Send to 16222 নম্বরে।

দ্বিতীয় **SMS:**

**BANBEIS**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **BANBEIS Yes 12345678**

Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for ........ Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://banbeis.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষার অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **BANBEIS**<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222 Example: BANBEIS Help User ABCDEF & send to 16222
ii. PIN Number জানা থাকলে: **BANBEIS**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222 Example: BANBEIS Help PIN 1234567 & send to 16222

ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর ওয়েবসাইট অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটক বাংলাদেশ লিমিটেড এর জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষা ২০২৩-এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://banbeis.teletalk.com.bd এবং www.banbeis.gov.bd এ পাওয়া যাবে।

ঞ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd এবং dd_admin@banbeis.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ **https://www.facebook.com/alljobsbdTeletalk** এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: BANBEIS Post Name: *****,Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

**ট) ডিক্লারেশনঃ** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৩. মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে:
(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক এবং সকল প্রকার প্রশিক্ষণের সনদ।

(খ) (প্রযোজ্য ক্ষেত্রে) (১) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। তাছাড়া মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সন্তানের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়ন পত্র।

(২) এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

০৪. আবেদন শুরুর (০১ অক্টোবর ২০২৩) তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারিরীক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩০ বছর। তবে ৪ নং ক্রমিকের পদের জন্য বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়স ৪০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫. সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৬. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুসরণ করা হবে।

০৭. কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৮. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

০৯. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০. লিখিত/মৌখিক/অন্য কোনো পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

২৭/৯/২৩

**( মোঃ জাফর আহম্মদ )**
উপপরিচালক (প্রশাসন)
এবং
সদস্য-সচিব
বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি
ইমেইল: dd_admin@banbeis.gov.bd